# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট( হাইস্কুল)

# নিজে পড়ো: পঞ্চম শ্রেণি (বাংলা)

- ***পাঠ্যের নামঃ*** মাস্টারদা (অশোককুমার মুখোপাধ্যায়)
- ***রচয়িতাঃ*** পাঠ্যবই থেকে লেখক পরিচিতি পাঠ করবে।
- ***উৎসঃ*** অশোককুমার মুখোপাধ্যায়ের লেখা 'সূর্য সেন' নামক বই।
- ***মূলভাবঃ*** পাঠ্য মাস্টারদা রচনায় মাস্টারদা সূর্যকুমার সেনের জীবন-কথা বর্ণিত হয়েছে। তিনি ১৮৯৪ খ্রিস্টাব্দের ২২ মার্চ জন্মগ্রহণ করেন। তিনি পেশায় শিক্ষক ছিলেন। এই বিপ্লবী তৎকালীন ব্রিটিশ বিরোধী সশস্ত্র আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৯১৯ সালের পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে তিনি চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠন করে সকল মানুষের মধ্যে ব্রিটিশ বিরোধী মনোভাব জাগিয়ে তোলেন এবং পরাধীন ভারতবাসীর মধ্যে আশার আলো জাগিয়ে তোলেন। ব্রিটিশ সরকার তাঁর ফাঁসি দেন কিন্তু তাঁর সেই আদর্শকে ভারতবাসীর মন থেকে মুছে দিতে পারে না।

## শব্দছকঃ

| শব্দ | অর্থ | পদ | ব্যাকরণগত পরিচয় |
|---|---|---|---|
| স্বাধীন | মুক্ত | বিণ | পরাধীন (বিপরীত) |
| খাটুনি | পরিশ্রম | বি | বিশ্রাম (বিপরীত) |
| সম্মান | শ্রদ্ধা | বি | অসম্মান (বিপরীত) |
| যুদ্ধ | লড়াই | বি | শান্তি (বিপরীত) |
| স্পর্ধা | সাহস | বি | ধৃষ্টতা (সমার্থক) |

# ।।নমুনা প্রশ্ন ও উত্তর।।

## *অতিসংক্ষিপ্ত উত্তরধর্মীঃ( কম বেশি ২০ শব্দ)*

**১) বিদ্রোহ বলতে কী বোঝ?**

**উঃ-** সমাজে প্রচলিত ব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদকে বিদ্রোহ বলে।

যেমন- সিপাহী বিদ্রোহ, নীল বিদ্রোহ, নৌ বিদ্রোহ ইত্যাদি।

**২) চট্টগ্রাম শহরটি বর্তমানে কোন শহরে অবস্থিত?**

**উঃ-** চট্টগ্রাম শহরটি বর্তমানে বাংলাদেশে অবস্থিত।

**৩) চট্টগ্রাম শহরের বিপ্লবী সংগঠনের নাম কী ছিল?**

**উঃ-** চট্টগ্রাম শহরের বিপ্লবী সংগঠনের নাম ছিল 'ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি'।

## *সংক্ষিপ্ত উত্তরধর্মীঃ( কম বেশি ৬০ শব্দ)*

**১) ' এ ভারী আশ্চর্যের কথা ' - কার, কোন কাজকে ভারী আশ্চর্যের কথা বলা হয়েছে? (১+২)**

**উঃ-** অশোককুমার মুখোপাধ্যায়ের লেখা 'মাস্টারদা' গল্পে উদ্ধৃত উক্তিটি মাস্টারদা সূর্য সেনের সম্বন্ধে বলা হয়েছে।

- উমাতারা হাইস্কুলের গণিতের শিক্ষক মাস্টারদা সূর্যসেন অত্যন্ত ধীর স্বভাবের মানুষ ছিলেন। নিঃশব্দে হাঁটাচলা করতেন তিনি। মাস্টারদা খুব হাসিখুশি এবং মিশুকে মানুষ ছিলেন। এরূপ প্রকৃতির স্বভাব হয়েও তিনি চট্টগ্রাম শহরের সমস্ত যুবক সম্প্রদায়কে স্বাধীনতার অগ্নিমন্ত্রে দীক্ষা দিয়েছিলেন, ইংরেজদের বিরুদ্ধে লড়াই

করার সাহস ও আগ্নেয়াস্ত্র চালানোর শিক্ষাদান করেছিলেন - এটাই ভারী আশ্চর্যের কথা বলা হয়েছে।

- ***রচনাধর্মী প্রশ্নোত্তর: ( কম- বেশি ১২৫ শব্দ)***

**১) 'এমন অন্যায় তো বেশিদিন চলে না।' - অন্যায়গুলি কী কী? কারা কাদের উপর এই ধরনের অন্যায় করত? এই অন্যায়ের প্রতিবাদ কারা করেছিল? কী উদ্দেশ্য নিয়ে তারা এই অন্যায়ের প্রতিবাদ করেছিল? (২+২+১+২=৭)**

**উঃ-** অশোককুমার মুখোপাধ্যায়ের লেখা 'মাস্টারদা' গল্পে ইংরেজ প্রভুরা পরাধীন ভারতবাসীদের পরিশ্রমের সমস্ত ফল ভোগ করত। কোনো কোনো রেস্তোরাঁর গায়ে নোটিশ ঝুলত-*'কালো চামড়ার লোক এবং কুকুরের প্রবেশ নিষেধ'।* অর্থাৎ এ দেশের মানুষদের কুকুরদের সঙ্গে তুলনা করত সাদা চামড়ার ইংরেজ শাসকরা। ভারতীয়দের অকথ্য অত্যাচার ও অপমান করা হত। ভারতীয়দের এই অন্যায়গুলি সহ্য করতে হত।

- সাদা চামড়ার ইংরেজ শাসকরা কালো চামড়ার ভারতবাসীর ওপর এই ধরনের অন্যায় করত।
- চট্টগ্রাম শহরের কিছু বিপ্লবী যুবক যারা ইন্ডিয়ান রিপাবলিকান আর্মির চট্টগ্রাম শাখার সঙ্গে যুক্ত তারা এই ধরনের অন্যায়ের প্রতিবাদ করেছিল।
- চট্টগ্রাম শহরে বিপ্লবী মাস্টারদা সূর্য সেনের নেতৃত্বে ছেলের দল মনে করেছিল,ইংরেজদের ধারাবাহিক অন্যায় অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে এবং প্রয়োজনে লড়াই করে ব্রিটিশদের পরাস্ত করতে হবে। ব্রিটিশদের পরাস্ত করে যদি স্বাধীন সরকার স্থাপন করা যায় তাহলে তা দৃষ্টান্তমূলক উদাহরণ হবে। আর তা অনুসরণ করে দেশের অন্যান্য অঞ্চলের বিপ্লবীরা সংগ্রামের মাধ্যমে ভারতে স্বাধীনতা আনতে সক্ষম হবে।

# ।। নিজে করো।।

- ***অতি সংক্ষিপ্ত প্রশ্ন ( কম বেশি ২০ শব্দ)***

**১) ইউনিয়ন জ্যাক কী?**

**২) মাস্টারদার আদর্শ পুরুষ কারা ছিলেন?**

৩) জীবনীমূলক সাহিত্য বলতে কী বোঝ?

- *সংক্ষিপ্ত প্রশ্ন( কম  বেশি ৬০ শব্দ)*

১) 'এ মানুষটি অন্যরকম' - কার কথা বলা হয়েছে? তাকে অন্যরকম বলার কারণ কী?

২) 'এ দেশে রাজত্ব করতে এসে তাদের স্পর্ধা একেবারে আকাশ ছুঁয়েছে।'- ' তাদের' বলতে কাদের কথা বলা হয়েছে?  তাদের স্পর্ধা কীভাবে আকাশ ছুঁয়েছিল?

৩) চট্টগ্রামের ছেলের দল ইংরেজদের বিরুদ্ধে কীভাবে প্রতিবাদ করেছিল?

- *রচনাধর্মী প্রশ্ন( কম বেশি ১২৫ শব্দ)*

১) 'নতুন মাস্টার, তাই ছেলেরা প্রথমেই বুঝে নিতে চায় লোকটি কেমন।'- নতুন মাস্টারটি কে? ছাত্রদের কাছে এই নতুন মাস্টার কেমন ছিলেন?

**বিঃ দ্রঃ**

- ছাত্রছাত্রীদের  পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য মন্তব্যকোশে (Comment Box ) পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ,  ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করো।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।